

রাজনারায়ণ । What do you want ? Money ?

মধু । I am always in need of money—কিন্তু সে জন্ম আসি নি । আমি এসেছি আপনার কাছে ।

রাজনারায়ণ । আমার কাছে ? কেন ?

মধু । আমি আপনাকে নিয়ে যেতে এসেছি ।

রাজনারায়ণ । কোথায় ? মাদ্রাজে ? (সবিস্ময়ে) Are you in your senses ?

মধুসূদন নীরব রহিলেন ।

Have you married ?

মধু । Yes, I have married a Scotch girl.

রাজনারায়ণ । I see. (একটু পরে) Is she not scorching ?

মধু । আপনি আমার কাছে চলুন—You will see for yourself.

রাজনারায়ণ । হঠাৎ এতদিন পরে এ আগ্রহ কেন ! May I ask you ?

মধু । এখানে থাকলে আপনার কষ্ট হবে । পৃথিবীতে মা আর আমি ছাড়া আপনাকে আর কেউ চেনে না । মা মারা গেছেন শুনে আমার মনে হ'ল যে আমার কাছে না থাকলে আপনি শাস্তি পাবেন না—কেউ আপনাকে বুঝবে না । আপনি চলুন আমার সঙ্গে—সেইজন্মেই এসেছি আমি ।

রাজনারায়ণ । But that is impossible my boy—আমার আরও দুটি স্ত্রী আছে and I have duty towards them. (সতর্ক) Do you know you are responsible for the whole thing ? এখন এসেছ আমাকে নিয়ে যেতে ! It is too late.

মধু । মা মারা গেছেন, তাই বলছি—

রাজনারায়ণ । তুমিও যে মরে গেছ—you are a different person—a Michael (হঠাৎ উচ্চৈঃস্বরে) I can never reconcile myself to this fact.

মধুসূদন স্থিরদৃষ্টিতে কিছুক্ষণ চাহিয়া
রহিলেন—তাহার পর ধীরে ধীরে বলিলেন

মধু । The Christians are the best people on earth to-day, father.

এই কথা শুনিয়া রাজনারায়ণ ক্রোধে গজ্জন
করিয়া উঠিলেন

রাজনারায়ণ । Go to the best people then—there's the door—who asked you to come here ?

মধুসূদন স্তম্ভিত হইয়া দাঁড়াইয়া রহিলেন

মধু । যাবেন না তাহলে আমার সঙ্গে ?

রাজনারায়ণ । না ।

মধু । চললাম তাহলে—Good night.

বাহির হইয়া গেলেন ও তৎক্ষণাৎ আবার
ফিরিয়া আসিলেন

যদি কখনও কোন বিষয়ে আমাকে আপনার প্রয়োজন হয় খবর দিলেই
আমি আসব । এখন তাহলে চললাম—Good night.

মায়ের ছবিটার দিকে একবার তাকাইয়া
চলিয়া গেলেন । রাজনারায়ণ কোন উত্তর
না দিয়া মগ্ধপান করিতে লাগিলেন ও মধুসূদন
চলিয়া গেলে দ্বারের দিকে একবার চাহিলেন
মাত্র

তৃতীয় বিবরণি

দ্বাদশ দৃশ্য

মাদ্রাজে মধুসূদনের বাড়ী। মধুসূদন ও
রেভাঃ কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় একটি টেবিলের
তুইপাশে চেয়ারে বসিয়া কথাবাত্তা
কহিতেছেন। মধুসূদনের হস্তে একখানি পত্র
রহিয়াছে। ১৮৫৬ খৃঃ অঃ।

মধু। বাবা মারা গেছেন ?

কৃষ্ণমোহন। ই্যা—may his soul rest in peace—বড় কষ্ট
পেয়েছিলেন। শেষটা পাগল হয়ে গিয়েছিলেন।

মধুসূদন নীরব রহিলেন

যাক যা হবার সে ত হয়ে গেছে—এখন you must go back.
সেখানে তোমার আত্মীয়স্বজনেরা তোমার বিষয় সম্পত্তি তোমার
মায়ের গহনা পত্র, এমন কি তোমাদের খিদিরপুরের বাড়ীটা পর্য্যন্ত
দখল করে বসেছে। তাই ত শুনেছি। I think Gour has
written everything in the letter I have brought.

মধু। আপনি মাদ্রাজে হঠাৎ এলেন যে !

কৃষ্ণমোহন। আমি এসেছি মিশনের কাজে। আমার আসবার
খবর পেয়ে গৌর আমাকে এই চিঠিখানা দিলে, আর বললে যে আমি
যেন তোমাকে নিশ্চয়ই দেশে পাঠিয়ে দি।

মধু। গৌরের চিঠি ত পড়লান ! ভাবছি আমার কি এখন কিরে
যাওয়া সম্ভব হবে ?

কৃষ্ণমোহন। হবে না কেন ? Why not ?

মধু। I am making two ends meet here—even that
may not be possible in Bengal !

কৃষ্ণমোহন । তা হবে না কেন ? তাছাড়া তোমার বাবার যা সম্পত্তি আছে শুনেছি—I don't know if it is encumbered—যদি encumbered না হয় তাতেই তোমার স্বচ্ছন্দে চলে যাওয়া উচিত।
Have you married ?

মধু । Yes, I have married second time.

কৃষ্ণমোহন । Second time ? তোমার প্রথম স্ত্রী কি তাহলে—

মধু । No, she is not dead. She divorced me.

উভয়েই কিছুক্ষণ নীরব রহিলেন

কৃষ্ণমোহন । (ঈষৎ হাসিয়া) Are you still going fast ?

মধু । (সহাস্যে) I would like to—but I have not got the means.

কৃষ্ণমোহন । মধু, তুমি আমার ছাত্রস্থানীয়—I hope you will not take it amiss if I give you a piece of advice.

মধু । (হাসিয়া) আমি জানি আপনি কি উপদেশ আমাকে দেবেন । আমি নিজেই নিজেকে সে উপদেশ বহুবার দিয়েছি । কিন্তু কিছুতেই পালন করতে পারি না । There is somebody within me who defies everything.

কৃষ্ণমোহন । No, no—you must be temperate—you must control yourself. তুমি কবি, তোমার জানা উচিত, সংযমই সৌন্দর্য্য-সৃষ্টির প্রধান উপকরণ ।

মধু । I know.

কৃষ্ণমোহন । তুমি যদি সংযত হয়ে চল, তাহলে ভাবনা কি । But it is never too late to mend.

মধু । (এ কথার কোন জবাব না দিয়া) আপনি তা হলে আমাকে বাঙলা দেশে ফিরে যেতেই বলেন ?

কৃষ্ণমোহন । নিশ্চয়—by all means ! তুমি ইতস্তত করছ কেন বুঝতে পারছি না ।

মধু । বাঙলা দেশ আমার সঙ্গে ভাল ব্যবহার করে নি । Bengal did not receive my Captive Lady nicely.

কৃষ্ণমোহন । কেন, অনেকেই ত প্রশংসা করেছে ! Undoubtedly it is a good piece of work—কিন্তু বাঙালীর ছেলে ইংরেজীতে বই লিখে এর চেয়ে বেশী আর কি প্রশংসা পেতে পারে বল । বেথুন সায়েব তোমার বই পড়ে কি বলেছিলেন গৌর বসাকের কাছে শুনেছি আমি । I think he was quite right. By the bye, I hope you know Mr. Bethune is dead. He died heart-broken.

মধু । হ্যাঁ তিনি ত অনেকদিন মারা গেছেন—I think he died in—

কৃষ্ণমোহন । In 1851. These Anglo-Indians killed him. কালা আইনের উত্তেজনা তাঁর শরীবে সহ হ'ল না । I hope Bengal will always remember the great soul.

মধু । Ought to.

কৃষ্ণমোহন । ডিরোজিও, ডেভিড হেয়ার এবং বেথুন—এঁদের নাম প্রত্যেক বাঙালী শ্রদ্ধাভরে স্মরণ করবে—অন্তত করা উচিত । এই তিনজন মহাত্মা বাঙলা দেশের নব-যুগের প্রতিষ্ঠাতা । কেরী, মার্শম্যান, ওয়ার্ড, রিচার্ডসন—এঁরাও ! তুমি আজকাল বাঙলা দেশের খবর রাখ কি-না জানি না—যদি রাখতে তাহলে দেখতে এই সায়েবরা বাঙলা দেশের কি অদ্ভুত পরিবর্তন ঘটিয়েছে ! Tremendous. It is almost like the recent French Revolution, but without